

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।

বিআরপিডি সার্কুলার লেটার নং- ১৪

ডিসেম্বর ২৮, ২০১৫
তারিখ : -----
পৌষ ১৪, ১৪২২

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক ।

প্রিয় মহোদয়,

আমানত ও ঋণের সুদ হার যৌক্তিকীকরণ বিষয়ে জারীকৃত
বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০১৫ স্পষ্টীকরণ প্রসঙ্গে ।

নভেম্বর ১৯, ২০১৫ তারিখে জারীকৃত বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে ।

উক্ত সার্কুলার লেটারের মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে এসএমই খাতের গুরুত্বপূর্ণ ভূমিকা বিবেচনায় এসএমই খাতে ঋণের সুদ হার যৌক্তিক পর্যায়ে নির্ধারণের লক্ষ্যে ক্রেডিট কার্ড ও ভোক্তাঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread নিম্নতর এক অংক (lower single digit) পর্যায়ে সীমিত রাখার জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হয় । কিন্তু উক্ত সার্কুলার লেটারে বর্ণিত “নিম্নতর এক অংক (lower single digit)” বলতে কী হার বোঝানো হয়েছে এ নিয়ে ঋণগ্রহীতাসহ ব্যাংকারদের মধ্যে কিছুটা অস্পষ্টতা রয়েছে মর্মে অবহিত হওয়া গেছে ।

এতদপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিআরপিডি সার্কুলার লেটার নং-১৩/২০১৫ এ বর্ণিত “নিম্নতর এক অংক (lower single digit)” বলতে “অনুর্ধ্ব ৫%” বোঝানো হয়েছে অর্থাৎ ক্রেডিট কার্ড ও ভোক্তাঋণ ছাড়া অন্যান্য খাতে ঋণ এবং আমানতের গড়ভারিত সুদ হারের ব্যবধান বা intermediation spread ৫% এর মধ্যে সীমিত রাখতে হবে ।

আপনাদের বিশ্বস্ত,



(রূপ রতন পাইন)

উপমহাব্যবস্থাপক

ফোন: ৯৫৩০৩৩৬